Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৫ বৈশাখ ১৪৩২

DU in Media

18 April 2025

দৈনিক বর্তমান

ঢাবি উপাচার্যের সঙ্গে যুক্তরাষ্ট্রের অধ্যাপকের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি



যুক্তরাষ্ট্রের কেন্ট স্টেট ইউনিভার্সিটির স্কুল অফ পিস অ্যান্ড কনফ্লিক্ট স্টাডিজের অধ্যাপক ল্যান্ডন ই. হ্যানকক আজ ১৭ এপ্রিল ২০২৫ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মদ সাজ্জাদ হোসেন সিদ্দিকী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের কেন্ট স্টেট ইউনিভার্সিটির মধ্যে জুলাই গণঅভ্যুত্থান এবং শান্তি ও সংঘর্ষ বিষয়ে যৌথ গবেষণা প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। দু' বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী এবং গবেষক বিনিময় নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। এছাড়া, তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কেন্ট স্টেট ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে শান্তি প্রতিষ্ঠা ও সামাজিক স্থিতিশীলতা বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি চালু এবং জুলাই গণঅভ্যুত্থান বিষয়ে যৌথ গবেষণা গ্রন্থ প্রকাশের বিষয়ে আলোচনা করেন।

দৈনিক সংগ্রাম



যুক্তরাষ্ট্রের কেন্ট স্টেট ইউনিভার্সিটির স্কুল অফ পিস অ্যান্ড কনফ্লিক্ট স্টাডিজের অধ্যাপক ল্যান্ডন ই. হ্যানকক গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন

ঢাবি ভিসির সঙ্গে যুক্তরাষ্ট্রের অধ্যাপকের সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের কেন্ট স্টেট ইউনিভার্সিটির স্কুল অফ পিস অ্যান্ড কনফ্লিক্ট স্টাডিজের অধ্যাপক ল্যান্ডন ই. হ্যানকক গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মদ সাজ্জাদ হোসেন সিদ্দিকী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের কেন্ট স্টেট ইউনিভার্সিটির মধ্যে জুলাই গণঅভ্যুত্থান এবং শান্তি ও সংঘর্ষ বিষয়ে যৌথ গবেষণা প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। দু'বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী এবং গবেষক বিনিময় নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। এছাড়া, তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কেন্ট স্টেট ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে শান্তি প্রতিষ্ঠা ও সামাজিক স্থিতিশীলতা বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি চালু এবং জুলাই গণঅভ্যুত্থান বিষয়ে যৌথ গবেষণা গ্রন্থ প্রকাশের বিষয়ে আলোচনা করেন। প্রেস বিজ্ঞপ্তি।

নয়া দিগন্ত

আন্তর্জাতিক বন দিবস উপলক্ষে ঢাবিতে সেমিনার

আন্তর্জাতিক বন দিবস পালন উপলক্ষে বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির উদ্যোগে গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) উদ্ভিদবিজ্ঞান বিভাগ মিলনায়তনে 'বন ও খাদ্য' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মো: আজিজুর রহমানের সভাপতিত্বে সেমিনারে প্রকৃতি ও জীবন ফাউন্ডেশনের চেয়ারম্যান মুকিদ মজুমদার বাবু বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আসফাক আহমদ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মিহির লাল সাহা এবং বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির মহাসচিব অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন আলোচনায় অংশ নেন।

বাংলাদেশ ■ ৪৫ পৃ: ২-এর কলামে



ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বন ও খাদ্য' শীর্ষক সেমিনারে অতিথিরা

আন্তর্জাতিক বন দিবস

৩য় পৃষ্ঠার পর

বোটানিক্যাল সোসাইটির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদ্দেদী আলফেছানী ধন্যবাদ জ্ঞাপন করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরিবেশ ও বন সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করে বলেন, পরিবেশ সংরক্ষণের বিষয়গুলো ক্রমাগত চর্চার মধ্যে রাখতে হবে। পরিবেশ রক্ষায় প্রতিদিনই আমাদের কিছু না কিছু করা উচিত।

এ ক্ষেত্রে প্রত্যেকের নিজ নিজ অবস্থান থেকে অবদান রাখার সুযোগ রয়েছে। পরিবেশ সংরক্ষণের কার্যক্রমগুলো ব্যক্তি পর্যায় থেকে ধীরে ধীরে সামাজিক ও রাষ্ট্রীয় পর্যায়ে নিয়ে যাওয়ার ওপর তিনি গুরুত্বারোপ করেন। বসবাসযোগ্য সুন্দর পরিবেশ গড়ার লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান। বিজ্ঞপ্তি।

দৈনিক বর্তমান

আন্তর্জাতিক বন দিবস উপলক্ষ্যে সেমিনার

বর্তমান প্রতিবেদক



আন্তর্জাতিক বন দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি'র উদ্যোগে আজ ১৭ এপ্রিল ২০২৫ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগ মিলনায়তনে 'বন ও খাদ্য' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সেমিনারে প্রধান তিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি'র সভাপতি অধ্যাপক ড. মো. আজিজুর রহমানের সভাপতিত্বে সেমিনারে প্রকৃতি ও জীবন ফাউন্ডেশনের চেয়ারম্যান মুকিদ মজুমদার বাবু বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আসফাক আহমদ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মিহির লাল সাহা এবং বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি'র মহাসচিব অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন আলোচনায় অংশ নেন। বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি'র কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদ্দেদী আলফেছানী ধন্যবাদ জ্ঞাপন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরিবেশ ও বন সংরক্ষণের উপর গুরুত্বারোপ করে বলেন, পরিবেশ সংরক্ষণের বিষয়গুলো ক্রমাগত চর্চার মধ্যে রাখতে হবে। পরিবেশ রক্ষায় প্রতিদিনই আমাদের কিছু না কিছু করা উচিত। এক্ষেত্রে প্রত্যেকের নিজ নিজ অবস্থান থেকে অবদান রাখার সুযোগ রয়েছে। পরিবেশ সংরক্ষণের কার্যক্রমগুলো ব্যক্তি পর্যায় থেকে ধীরে ধীরে সামাজিক ও রাষ্ট্রীয় পর্যায়ে নিয়ে যাওয়ার উপর তিনি গুরুত্বারোপ করেন। বসবাসযোগ্য সুন্দর পরিবেশ গড়ার লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

দৈনিক বর্তমান



ঢাবিতে 'Discovering Covid: The Beginning and Beyond' শীর্ষক বিশেষ বক্তৃতা অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল ১৭ এপ্রিল ২০২৫ বৃহস্পতিবার সকালে নবাব নওয়াব আলীচৌধুরী সিনেট ভবনে 'Discovering Covid: The Beginning and Beyond' শীর্ষকবিশেষ বক্তৃতা অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ডাচ ভাইরাসবিদ অধ্যাপক ড. আলবার্ট অস্টারহাউস এই বিশেষ বক্তৃতা করেন। এসময় প্রধান অতিথিহিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদখান।

অনুষ্ঠানে স্বাগত ও সমাপনী বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর(শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।অধ্যাপক ড. আলবার্ট অস্টারহাউস বিশ্বের শীর্ষস্থানীয় ভাইরোলজিস্টদের একজন, যিনি SARS I CoV-1 আবিষ্কার এবং জুনোটিক মহামারী বিষয়ক কাজের জন্য বিশ্বব্যাপীপরিচিত। তার ১ হাজার ৩৫০টিরও বেশি প্রকাশনা রয়েছে।

এছাড়া বেশ কয়েকটি সফলবায়োটেক উদ্যোগও নিয়েছেন তিনি।এছাড়া আরও বক্তৃতা করেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. এনামুল হক,ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেলিম রেজা এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মাহমুদ হোসেন।প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বলেন, ভাইরাসথেকে মানুষকে বাঁচাতে বাংলাদেশ তথা পুরো বিশ্ব সংগ্রাম করছে। ডাচভাইরাসবিদকে নিয়ে আজকের এই আয়োজন আমাদের জন্য আসলে একটি বিশেষসুযোগ। এই সুযোগকে কাজে লাগাতে হবে।উপাচার্য বলেন, আমি আশা করি আজকের এই আয়োজন আমাদের পথ দেখাবে। ঢাকাবিশ্ববিদ্যালয় এই আয়োজন করলেও [illegible] প্রতিটি সেক্টরকে আমন্ত্রণজানাতে চাই। যাতে একসঙ্গে আমরা সমস্যাগুলো শনাক্তকরা [illegible] করতে পারি।

দিনকাল

ফ্যাসিবাদের মোটিফে রহস্যময় আগুন

জহির চৌধুরী

পহেলা বৈশাখ বাংলা নববর্ষবরণ উপলক্ষে আয়োজিত শোভাযাত্রায় বিনোদনের জন্য নানা ধরনের মোটিফ ব্যবহার করা হয়। বরাবরের মতো এবারও পহেলা বৈশাখ উপলক্ষে আনন্দ শোভাযাত্রার জন্য বেশ কয়েকটি মোটিফ তৈরি করা হয়। এক তথ্যমতে, এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) চারুকলা অনুষদের বাংলাবর্ষবরণের আনন্দ শোভাযাত্রার জন্য তৈরি করা হয় ছয়টি মূল মোটিফ (Motif)। ছয়টি মূল মোটিফের একটি ফ্যাসিবাদের মুখাকৃতি। অনেকেরই ধারণা 'ফ্যাসিবাদের মুখাকৃতি'র মোটিফটি বানানো হয়েছিল ফ্যাসিবাদের 'মা' খ্যাত ফ্যাসিস্ট আওয়ামী জোট সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিকৃতি দিয়ে। এবারের বাংলা নববর্ষবরণের আনন্দশোভাযাত্রার প্রধান আকর্ষণ ছিল ফ্যাসিবাদের মুখাকৃতি।

এবারের নববর্ষের বর্ষবরণ শোভাযাত্রার প্রধান আকর্ষণ ফ্যাসিবাদের মুখাকৃতি'র মোটিফটিসহ শান্তির প্রতীক পায়রা মোটিফটি গত শনিবার ভোরের দিকে রহস্যজনক আগুনে ভস্মীভূত হয়েছে। চারুকলা অনুষদের ডিন অধ্যাপক আজহারুল ইসলাম এক বিবৃতিতে জানিয়েছেন, শনিবার ভোর আনুমানিক ৪টা ৫০ মিনিটে চারুকলা অনুষদের দক্ষিণ পাশের গেটসংলগ্ন স্থাপিত প্যান্ডেলের ভিতরে কে বা কারা 'ফ্যাসিবাদের মুখাকৃতি' আগুন দিয়ে পুড়িয়ে ফেলেছে। গত শনিবার সকালে চারুকলা অনুষদে সরেজমিন দেখা গেছে, যেখানে মোটিফ তৈরির কাজ চলছিল, সেখানে 'ফ্যাসিবাদের মুখাকৃতি' মোটিফটি সম্পূর্ণ পুড়ে গেছে। শান্তির পায়রা মোটিফটিও আংশিক পুড়েছে। মোটিফে আগুন দেয়ার ঘটনা সর্বত্র তোলপাড় সৃষ্টি করেছে। এ ঘটনার জেরে সকালে শাহবাগ থানায় জিডি, বিকেলে বিশেষ ক্ষমতা আইনে মামলা দায়ের এবং ঘটনার তদন্তে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের ডিন ড. সিদ্দিকুর রহমানকে আহ্বায়ক করে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠনের তথ্য জানা গেছে। পুলিশ বলছে, মোটিফে আগুনের ঘটনা পরিকল্পিত। এ ঘটনার প্রতিক্রিয়ায় অন্তর্বর্তী সরকারের সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার তার ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টের পোস্টে লিখেছেন, 'হাসিনার দোসররা শনিবার ভোরে চারুকলায় ফ্যাসিবাদের মুখায়ব পুড়িয়ে দিয়েছে।'



গত বছর ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনে দীর্ঘ সাড়ে ১৫ বছরের স্বৈরশাসন মুক্ত হয় দেশ। স্বৈরশাসনমুক্ত পরিবেশে বাংলা নববর্ষবরণ উৎসবের আনন্দ শোভাযাত্রার প্রধান মোটিফ করা হয়েছিল ফ্যাসিবাদের মুখাকৃতি। এবার বাংলাবর্ষবরণ উৎসব হচ্ছে ফ্যাসিস্ট শাসনমুক্ত পরিবেশে। ফ্যাসিস্ট আবহমুক্ত পরিবেশে বাংলা নববর্ষবরণের শোভাযাত্রায় ফ্যাসিবাদের মুখায়ব মোটিফ স্বাভাবিক কারণেই শোভাযাত্রার প্রধান আকর্ষণ ছিল। শোভাযাত্রার প্রধান আকর্ষণ 'ফ্যাসিবাদের মুখাকৃতি' রহস্যময় আগুনে ভস্মীভূত হওয়াতে জনমনে নানা প্রশ্নের উদ্রেক করেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে কর্তৃপক্ষের দায়িত্বহীনতার চাঁচাছোলা সমালোচনা লক্ষ্য করা গেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকেই বলছেন 'ফ্যাসিবাদের মুখাকৃতি' বানানোর সময়ই নষ্ট করে দেয়া হতে পারে আশঙ্কা করে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়েছিল। পরামর্শ গ্রহণ করা হলে এ ঘটনা ঘটত না। দ্বিমত পোষণের অবকাশ নেই, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্বহীনতা ছিল। আট মাস আগে দেশ ফ্যাসিস্ট শাসনমুক্ত হলেও বিভিন্ন জায়গায় ফ্যাসিস্টদের দোসররা ঘাপটি মেরে আছে—এটা মাথায় রেখে মোটিফ সুরক্ষার ব্যবস্থা কেন নেয়া হয়নি সে প্রশ্ন সবার।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায় এড়াতে পারে না। চারুকলায় থাকা ক্লোজ সার্কিট ক্যামেরার (সিসি ক্যামেরা) ফুটেজ বিশ্লেষণ করে দেখার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমদ পুলিশকে জানিয়েছেন, কালো টি-শার্ট, বাদামি প্যান্ট, কালো স্যান্ডেল পরিহিত চুলে ঝুঁটিবাঁধা এক ব্যক্তি চারুকলার মাঝখানের গেট টপকে ঢুকতে দেখা গেছে। ওই ব্যক্তি প্রথমে তরল দাহ্য পদার্থ দিয়েছে। তারপর পর্দার আড়ালে চলে গেছে। তারপর ফুটেজে সেখানে অগ্নিশিখা দেখা যায়। ওই যে গেট দিয়ে ঢুকেছে, সে গেট দিয়েই বেরিয়ে ছবির হাটের দিকে গেছে। ওই ব্যক্তি পালিয়ে যাওয়ার পর পুলিশকে পানি দিয়ে আগুন নেভাতে দেখা গেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ফুটেজ দেখলে কর্তৃপক্ষের দায়িত্বহীনতা ধরা পড়ে। মোটিফে আগুন দেয়ার ঘটনাটি রহস্যময়ই ঠেকছে। আশা করি তদন্তে রহস্যভেদ হবে, অচিরেই দেশবাসীর কাছে সবকিছু পরিষ্কার হবে। স্পর্শকাতর জায়গাসহ বিভিন্ন জায়গায় 'স্বৈরাচারের দোসররা ঘাপটি মেরে আছে সুযোগ পেলেই ছোবল দিতে কার্পণ্য করবে না—এটা মাথায় রাখা দরকার। চারুকলার বেষ্টনীর মধ্যে ঢুকে বাংলা নববর্ষ বরণ শোভাযাত্রার মূল মোটিফ 'ফ্যাসিবাদের মুখাকৃতি'তে স্বৈরচারের দোসররা আগুন দিয়ে তাদের হিম্মত দেখিয়েছে।

লেখক : সংবাদিক ও কলামিস্ট

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৫ বৈশাখ ১৪৩২

DU in Media

18 April 2025

আমার দেশ



শান্তির শহর চেয়ে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে গ্রিন ভয়েসের মানববন্ধন ◎ আমার দেশ

দৈনিক জনকণ্ঠ



প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গ্রীন ভয়েস বৃহস্পতিবার রাজধানীতে র‍্যালি শেষে ঢাবির রাজু ভাস্কর্যের সামনে সমাবেশ করে –জনকণ্ঠ

সমকাল



পরিবেশবাদী যুব সংগঠন গ্রীন ভয়েসের ২০ বছর পূর্তি উপলক্ষে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংগঠনটির সমাবেশ ও র‍্যালি বের হয় ◎ সমকাল